# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

**সংশোধিত**

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি/পরী-২০১৭/১৮৭০(৩০০০) তারিখ ঃ ১২/০১/২০১৭

**বিষয় ঃ ২০১৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের ফরমপুরণ ফি জমাদান রশিদ (ফটোকপি) / সোনালী সেবা স্লিপ (ফটোকপি) জমা দিয়ে কেন্দ্র ভিত্তিক প্রবেশপত্র গ্রহণ এবং কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহে বিতরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য ২০১৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার তাঁর কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের ফরমপুরণ ফি জমাদান রশিদ (ফটোকপি) / সোনালী সেবা স্লিপ (ফটোকপি) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ হতে সংগ্রহ করে কেন্দ্র সচিবের ফরওয়ার্ডিং-এর সাথে সংযুক্ত করে শিক্ষা বোর্ডে জমা দিয়ে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী শিক্ষা বোর্ড হতে কেন্দ্র ভিত্তিক প্রবেশপত্র গ্রহণ এবং কেন্দ্রভুক্ত প্রতিষ্ঠানসমূহে বিতরণের কার্যকরী ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

## কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের ফরমপুরণ ফি জমাদান রশিদ (ফটোকপি) / সোনালী সেবা স্লিপ (ফটোকপি) ফরওয়ার্ডিং-সহ জমাকরণ, কেন্দ্র ভিত্তিক প্রবেশপত্র গ্রহণ ও বিতরণ সময়সূচি ঃ

| জেলার নাম | শিক্ষা বোর্ড থেকে কেন্দ্র ভিত্তিক বিতরণের তারিখ | কেন্দ্র থেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রবেশপত্র বিতরণের শেষ তারিখ |
|---|---|---|
| রংপুর, গাইবান্ধা, নীলফামারী কুড়িগ্রাম ও লালমনিরহাট | ১৮/০১/২০১৭ | ১৯/০১/২০১৭ |
| ঠাকুরগাঁও ও পঞ্চগড় | ২৩/০১/২০১৭ | ২৪/০১/২০১৭ |
| দিনাজপুর | ২৪/০১/২০১৭ | ২৫/০১/২০১৭ |

উল্লিখিত সময়সূচী অনুযায়ী তাঁর কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র অত্র শিক্ষা বোর্ডের উত্তর বালুবাড়ী পানির ট্যাংক সংলগ্ন কার্যালয়ের ভবন-২ এর পরীক্ষা শাখা হতে ২০১৭ সালের এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব বা তাঁর প্রাধিকার প্রাপ্ত শিক্ষক প্রতিনিধি-কে সরবরাহ করা হবে। কেন্দ্র সচিব, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হলে প্রবেশপত্র গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়ন পত্র গ্রহণপূর্বক সঙ্গে নিয়ে আসতে হবে। প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে গৃহীত সংশ্লিষ্ট প্রতিনিধির নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র আনতে হবে। **প্রবেশপত্র গ্রহণের পর দিনই কেন্দ্র ফি পরিশোধ সাপেক্ষে কেন্দ্রভুক্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট স্ব স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের প্রবেশপত্র অবশ্যই হস্তান্তর করতে হবে।** এক্ষেত্রে কোনরূপ অবহেলা/গাফিলতি/ব্যতিক্রম ঘটলে অথবা কোন অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব এককভাবে দায়ী থাকবেন। উল্লেখ্য প্রবেশপত্র হস্তান্তরের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে কেন্দ্র ফি ব্যতিরেকে অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।

**উল্লেখ্য, ফরম পূরণ না করা সত্ত্বেও পরবর্তীতে রেজিস্ট্রেশন ইস্যু হওয়ার কারণে বা অন্য কোন কারণে ফি প্রদানের অতিরিক্ত প্রবেশপত্র ইস্যু হয়ে থাকলে উক্ত অতিরিক্ত প্রবেশপত্র বাতিলের জন্য প্রতিষ্ঠান প্রধানের ফরওয়াডিংসহ আগামী ৩১/০১/২০১৭ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত হাতে হাতে (কোন ক্রমেই ডাকযোগে নয়) পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে জমা দিতে হবে। ফি প্রদানের অতিরিক্ত ইস্যুকৃত প্রবেশপত্রের মাধ্যমে কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করলে উক্ত পরীক্ষা বাতিল করা হবে এবং এ বিষয়ে কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান,প্রধান এককভাবে দায়ী থাকবেন।**

## -ঃ শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড মোতাবেক প্রবেশপত্র সংশোধন ও ফরমপুরণকৃত পরীক্ষার্থীর না পাওয়া প্রবেশপত্র প্রাপ্তির জন্য শিক্ষা বোর্ডে আবেদন করার এবং শিক্ষা বোর্ড হতে সংশোধিত/না পাওয়া প্রবেশপত্র গ্রহণের সময়সূচি ঃ-

| জেলার নাম | শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষা বোর্ডে আবেদন জমাদানের শেষ তারিখ | শিক্ষা বোর্ড থেকে সংশোধিত/না পাওয়া প্রবেশপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|
| রংপুর, গাইবান্ধা, নীলফামারী কুড়িগ্রাম ও লালমনিরহাট | ২৫/০১/২০১৭ | ৩০/০১/২০১৭ |
| দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় | ২৭/০১/২০১৭ | ৩১/০১/২০১৭ |

সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র থেকে প্রবেশপত্র গ্রহণের পর পরই জরুরী ভিত্তিতে প্রতিষ্ঠানের সকল শিক্ষকের সহায়তায় রেজিঃ কার্ড ও প্রবেশপত্র মিলিয়ে যাচাই করবেন। যাচাই অন্তে প্রাপ্ত প্রবেশপত্রে কোনরূপ গড়মিল দেখা দিলে/ফরম পুরণকৃত কোন পরীক্ষার্থীর প্রবেশপত্র না পেয়ে থাকলে কিংবা রেজিঃ কার্ড মোতাবেক প্রবেশপত্র ইস্যু না হয়ে থাকলে উপরের ছকে বর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কার্ডের সুস্পষ্ট ফটোকপি ও ফরম পুরণের প্রামাণ্য কাগজপত্রসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করবেন এবং উপরের ছকে বর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখে প্রবেশপত্র গ্রহণ করবেন। প্রতিষ্ঠান প্রধানগণ পরীক্ষা চালাকালীন পরীক্ষার্থী প্রতি ২০০.০০ টাকা এবং পরীক্ষার পর ফল প্রকাশের পূর্ব পর্যন্ত ৪০০.০০ টাকা জরিমানা সোনালী সেবার মাধ্যমে জমাদান সাপেক্ষে সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর রেজিঃ কার্ড মোতাবেক প্রবেশপত্র সংশোধনের জন্য আবেদন করতে পারবেন। **পরীক্ষার ফল প্রকাশের পর প্রবেশপত্র সংশোধন সংক্রান্ত আবেদন গ্রহণ করা হবে না।**

মোঃ তোফাজ্জুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

কেন্দ্র সচিব/প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০১৭
ও সকল মাধ্যমিক বিদ্যালয়।

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এসএসসি/পরী-২০১৭/১৮৭০(৩০০০) **তারিখ ঃ** ১২/০১/২০১৭

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
০২। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৪। প্রধান শিক্ষক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়। তাঁকে সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব-এর সঙ্গে যোগাযোগ করে কেন্দ্র ফি পরিশোধ করতঃ উল্লিখিত তারিখে অবশ্যই তাঁর বিদ্যালয়ের পরীক্ষার্থীদের প্রবেশপত্র গ্রহণ করতে হবে।
০৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৬। Website Copy.
০৭। অফিস নথি।

মোঃ তোফাজ্জুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১